# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 01-12-2025** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর:-

১) সংসদের শীতকালীন অধিবেশনের প্রথম দিনেই দফায় দফায় এসআইআর সহ বিভিন্ন ইস্যুতে বিরোধীদের হই হট্টগোলের জেরে লোকসভা ও রাজ্যসভার অধিবেশন দুপুর ২ টো পর্যন্ত মুলতুবি।

২। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, শীতকালীন অধিবেশন শুধুমাত্র একটি নিয়ম নয়, ভারতকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার ঐকান্তিক প্রচেষ্টা।

৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারত শুধুমাত্র আর্থিক স্বাধীনতা অর্জন করেনি, আন্তর্জাতিক পরিসরে অর্থিনীতিতেও দেশের ভূলিকে বিস্তৃত হয়েছে।

৪) নাগাল্যান্ড আজ ৬৩ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করছে। রাষ্ট্রপতি , প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রী এই উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

৫) ইন্দোনেশিয়ায় বিধ্বংসী বন্যা এবং ঘূর্ণিঝড়ের ফলে ভূমিধসে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৪৪২। এপর্যন্ত নিখোঁজ ৪০২ জন।

৬) আজ বিশ্ব এইডস দিবস। এইচআইভি সংক্রমণ রুখতে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে।

৭) মালয়েশিয়ার ইপোতে সুলতান আজলান শাহ কাপ হকি প্রতিযোগিতায় ভারত রূপো পেয়েছে।

oooooooooooooooooooo

সংসদে শীতকালীন অধিবেশন আজ শুরু হয়েছে। ১৯ দিনের অধিবেশনে মোট ১৫ বার সভা বসবে। আজ সকাল ১১ টায় লোকসভার অধিবেশন শুরু হলে অধ্যক্ষ ওম বিড়লা, প্রয়াত অভিনেতা ধর্মেন্দ্র, অবসরপ্রাপ্ত কর্নেল সোনা রাম চৌধুরী, অধ্যাপক বিজয় কুমার মালহোত্রা এবং রবি নায়েকের স্মৃতির উদ্দেশে শ্রদ্ধা জানান। তাদের শ্রদ্ধা জানাতে এক মিনিট নীরবতাও পালন করা হয়। এরপর প্রশ্নোত্তর পর্ব শুরু হলে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন এসআইআর সহ বিভিন্ন ইস্যুতে বিরোধী সদস্যরা স্লোগান দিতে শুরু করেন। অধ্যক্ষ বিরোধীদের আচরণে অসন্তোষ প্রকাশ করে সভার কাজ সুষ্ঠুভাবে চলতে দেওয়ার জন্য অনুরোধ জানান। পরিস্থিতি একইরকম থাকায় সভার কাজ প্রথমে বেলা ১২ টা পর্যন্ত মুলতুবি হয়ে যায়। ১২- টার পর সভা শুরু হলে, বিরোধী সাংসদদের হৈ- হট্টগোলের মধ্যেই কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ, কেন্দ্রীয় আবগারি সংশোধনী বিল -২০২৫ সভায় পেশ করেন। এছাড়াও, স্বাস্থ্য-সুরক্ষা থেকে জাতীয় নিরাপত্তা সেস বিল- ২০২৫, যা পান মশলার মত পণ্যের ওপর বসানো হবে, সেই বিলও পেশ করেন। এরপরও, হৈ-হট্টগোল চলতে থাকায় সভার কাজ দুপুর দু'টো পর্যন্ত মুলতুবি হয়ে যায়।

এদিকে, রাজ্যসভার অধিবেশনও বিরোধী সাংসদদের হৈ- হট্টগোলের জেরে দুপুর দু'টো পর্যন্ত মুলতুবি করে দেওয়া হয়েছে। এর আগে সকালে রাজ্যসভার অধিবেশন শুরু হলে জম্মু কাশ্মীরের নবনির্বাচিত সদস্য গুরবিন্দর সিং ওবেরয়, চৌধুরী মহম্মদ রামজান এবং সজ্জাদ আহমেদ কিচলু শপথ নেনে। উপরাষ্ট্রপতি হওয়ার পর এই প্রথমবার সি পি রাধাকৃষ্ণাণ রাজ্যসভার চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাকে স্বাগত জানান। তিনি বলেন, নতুন চেয়ারম্যানের পথ নির্দেশে সভার কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হবে।

(বাইট – মোদী)

ডেপুটি চেয়ারম্যান হরিবংশও সি পি রাধাকৃষ্ণাণকে স্বাগত জানান।

(বাইট – হরিবংশ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

এর আগে সংসদ ভবনের বাইরে প্রধানমন্ত্রী সাংবাদিকদের বলেন, শীতকালীন অধিবেশন শুধুমাত্র একটা নিয়ম নয়, ভারতকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যেতে এটি একটি ঐকান্তিক প্রচেষ্টা। বর্তমানে ভারতের আর্থিক উন্নতি অসাধারণ উচ্চতায় পৌঁছেছে। গণতন্ত্র যে দেশকে এগিয়ে নিয়ে যেতে পারে, ভারত তা প্রমাণ করেছে।

(বাইট – প্রধানমন্ত্রী)

প্রধানমন্ত্রী সমস্ত রাজনৈতিক দলকে এই অধিবেশন স্থলকে ,পরাজয়ের ক্ষোভ উদ্গীরণের বা জয়ের জন্য ঔদ্ধত্য দেখানোর ক্ষেত্র হিসেবে ব্যবহার না করার আবেদন জানান। নেতিবাচক মনোভাব হয়তো রাজনীতিতে কিছু সুফল দিতে পারে কিন্তু, দেশ গঠনের জন্য প্রয়োজন ইতিবাচক মনোভাব। তিনি সংসদের যুব সদস্যদের সুযোগ করে দেওয়ার জন্য সাংসদদের অনুরোধ জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সংসদের শীতকালীন অধিবেশনে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে লোকসভা ও রাজ্যসভার সদস্যরা গণতন্ত্রের চিরাচরিত ধারা বজায় রাখবেন বলে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা প্রত্যয় ব্যক্ত করেছেন। সভার কাজ শুরু হওয়ার আগে সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রী বিড়লা বলেন এই অধিবেশন অর্থবহ এবং ফলপ্রসূ হবে। তিনি আরও বলেন, সংসদ হল দেশের প্রত্যাশা, জনগণের আকাঙ্খা, গণতান্ত্রিক মূল্যবোধ এবং নির্বাচিত জনপ্রতিনিধিদের দায়িত্ব পালনের এক গুরুত্বপূর্ণ মঞ্চ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারত শুধুমাত্র আর্থিক স্বাধীনতার অর্জন করেনি, আন্তর্জাতিক ক্ষেত্রে অর্থনীতিতে ও দেশের ভূমিকা বিস্তৃত হয়েছে। নতুন দিল্লিতে আজ ফুটওয়ার ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউট,FIDDI -র সমাবর্তন

অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। রাষ্ট্রপতি বলেন,২০২৪-২৫ অর্থ বর্ষে জুতো শিল্পে ২৫০ কোটি ডলারের রপ্তানি ,দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

(বাইট – রাষ্ট্রপতি)

এই শিক্ষা প্রতিষ্ঠান থেকে যারা স্নাতক হলেন তাদের তিনি অভিনন্দন জানান এবং বলেন ,২০৪৭ এর বিকশিত ভারতের স্বপ্নকে সাকার করবে এই দক্ষ যুব সম্প্রদায়।

oooooooooooooooooooo

নাগাল্যান্ড আজ ৬৩ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করছে। **১৯৬৩** সালের এইদিনে **১৬** তম রাজ্য হিসাবে দেশের মানচিত্রে এই রাজ্য আত্মপ্রকাশ করে। রাজ্যপাল অজয় কুমার ভাল্লা এবং মুখমন্ত্রী নেইফিও রিও এই উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগাল্যান্ডের প্রতিষ্ঠা দিবসে রাজ্যবাসীকে শুভাচ্ছা জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে রাষ্ট্রপতি বলেছেন, এই রাজ্য সমৃদ্ধ সংস্কৃতি এবং অসামান্য প্রাকৃতিক সৌন্দর্যে পরিপূর্ণ। প্রধানমন্ত্রী উজ্জ্বল নাগা সংস্কৃতির কথা তুলে ধরে বলেন, নাগাল্যান্ডবাসীর সেবা , সাহসিকতা এবং সহানুভূতি সারা দেশে সমাদৃত।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ রাজ্যের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে নাগাল্যান্ডের মানুষকে শুভেচ্ছা জানিয়ে এক সোশ্যাল মিডিয়া পোস্টে বলেছেন, এরাজ্যের উজ্জ্বল ঐতিহ্য এবং নাগাল্যান্ডের মানুষের অদম্য উৎসাহ দেশের সংস্কৃতিকে আরও সমৃদ্ধ করেছে।

রাজধানী কোহিমার ঐতিহ্যবাহী গ্রাম কিসামায় আজ থেকে শুরু হচ্ছে ২৬ তম হর্নবিল উৎসব। আগামী দশ দিন এই উৎসবে প্রধান প্রধান নাগা উপজাতিরা এক

ছাদের নীচে একত্রিত হয়ে লোকগাঁথা, সঙ্গীত, কারুশিল্প এবং রান্নার মাধ্যমে তাদের রাজ্যের দীর্ঘদিনের ঐতিহ্য প্রদর্শন করবে।

রাজ্যের পর্যটন দফতরের উদ্যোগে শুরু হওয়া হর্ণবিল উৎসব দুই দশকেরও বেশি সময়ে একটি বিশ্বব্যাপী মঞ্চে পরিণত হয়েছে যেখানে দেশবিদেশ থেকে আসা দর্শক ও শিল্পীরা একত্রিত হন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ইন্দোনেশিয়ায় বিধ্বংসী বন্যা এবং ঘূর্ণিঝড়ের ফলে ভূমিধসে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৪৪২। জাতীয় বিপর্যয় মোকাবিলা সংস্থা জানিয়েছে, উত্তর সুমাত্রা, পশ্চিম সুমাত্রা এবং আচে-তে এপর্যন্ত ৪০২ জন নিখোঁজ রয়েছেন। উদ্ধারকালী দল ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে পৌঁছনোর চেষ্টা করছে। সবচেয়ে বেশি ধ্বংসের ছবি সুমাত্রা দ্বীপে, যেখানে কয়েক হাজার মানুষ বেশ কিছুদিন ধরে সম্পূর্ণ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছেন। সেন্ট্রাল তাপানুলি এবং শিবোলগা শহরে এখনও পর্যন্ত কোনো উদ্ধারকারী দল পৌঁছতে পারে নি। রাষ্ট্রপতি প্রাবোও সুবিয়ান্তো আজ বন্যা বিধ্বস্ত এলাকা ঘুরে দেখবেন।

গত সপ্তাহে অভূতপূর্ব সামুদ্রিক ঘূর্ণিঝড় সেনেয়ার ইন্দোনেশিয়ায় আছড়ে পড়ার ফলে শুরু হয় ব্যাপক ভূমিধস এবং বন্যা। কয়েক হাজার বাড়ি ঘর বন্যার জলে ভেসে যায়। প্রবল বর্ষণ এবং ঝড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে থাইল্যান্ড, মালয়েশিয়া, ফিলিপিন্স এবং শ্রীলঙ্কার বহু এলাকা। এই ঝড়ের তান্ডবে এশিয়ায় মৃত্যু হয়েছে ৯০০-রও বেশি মানুষ। ক্ষতিগ্রস্ত হয়েছে কয়েক লক্ষ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় বিমান বাহিনী ঘূর্ণিঝড় দিতওয়ারে শ্রীলঙ্কায় আটকে পড়া ৩৩৫ জন ভারতীয়কে নিয়ে তিরুবনন্তপুরমে নিয়ে এসেছে। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, অপারেশন সাগর বন্ধুর মাধ্যমে , শ্রীলঙ্কায় ঘূর্ণিঝড় বিপর্যয়ের

পর ভারত ত্রাণ সামগ্রী সরবরাহ করতে বিমান বাহিনীর IL-76 এবং C-130J বিমান দুটি পাঠিয়েছে। এই বিমানে ওই অঞ্চলে আটকে পড়া ভারতীয়দের উদ্ধার করা হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানা গেছে, শ্রীলঙ্কায় উদ্ধার অভিযানের জন্য দক্ষিণ বিমান কমান্ড সদর দপ্তর থেকে MI-17 V মিডিয়াম লিফট হেলিকপ্টার ও পাঠিয়েছে। ভারতীয় বিমান বাহিনীর উদ্ধার অভিযান আজও অব্যাহত থাকবে।

oooooooooooooooooooo

এদিকে ভয়াবহ ঘূর্ণিঝড় 'দিতওয়া' গত রাতে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এটি বর্তমানে দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর ও উত্তর তামিলনাড়ু এবং পুদুচেরি উপকূলের সংলগ্ন এলাকায় অবস্থান করছে। গত ছয় ঘণ্টায় এটি উত্তর দিকে ঘণ্টায় প্রায় ১০ কিলোমিটার গতিতে অগ্রসর হয়েছে। আজ দুপুরের মধ্যে এটি আরও দুর্বল হয়ে নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে। তিরুভাল্লুর জেলায় আজ বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।
এদিকে দিতোয়ার কারণে শ্রীলঙ্কায় মৃতের সংখ্যা বেড়ে ৩৩৪ হয়েছে। এখনো নিখোঁজ ৩৭০ জন।

oooooooooooooooooooo

আজ বিশ্ব এইডস দিবস। এইচআইভি সংক্রমণ রুখতে সচেতনতা প্রচারের লক্ষ্যে নানা অনুষ্ঠানে দিনটি পালিত হচ্ছে। ১৯৮৮ সালের পয়লা ডিসেম্বর দিনটি বিশ্ব এইডস দিবস হিসেবে ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

এই উপলক্ষ্যে কেন্দ্রীয় স্বাস্থ্য প্রকল্পের সল্টলেক বৈশাখী শাখার তরফে এক গুচ্ছ কর্মসূচি নেওয়া হয়েছে। এইডস আক্রান্তদের পাশে দাঁড়ানো এবং সচেতনতার বার্তা ছড়িয়ে দেওয়ার শপথ নেন সংস্থার কর্মী, চিকিৎসক সহ চকিৎসা করাতে আসা রোগীরা। পাশাপাশি, এই রোগ নিয়ে সাধারণ মানুষকে সচেতন করতে আলাদা কিয়স্ক

করে প্রচার চালানো হয়, বিলি করা হয় লিফলেটও। সংস্থার অধিকর্তা ডাক্তার দীপঙ্কর সমাজপতি জানান, এইডস এর ক্ষেত্রে সচেতনতা খুব জরুরি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মালয়েশিয়ার ইপোতে সুলতাল আজলান শাহ কাপ হকি প্রতিযোগিতার ফাইনালে, ভারত বেলজিয়ামের কাছে ১ গোলে হেরে রূপো পেয়েছে। থিবিউ স্টক ব্রোয়েক্স - এর করা একমাত্র গোলে বিশ্বের তিন নম্বর দল বেলজিয়াম প্রথমবার চ্যাম্পিয়ন হল। এবছর বেলজিয়াম হকির মর্যাদাপূর্ন প্রতিযোগিতায় দ্বিতীয়বার যোগ দিয়েছিল।

অন্যদিকে, ভারত ছ'বছর পর যোগ দিয়ে দ্বিতীয়বারের জন্য রানার্স আপ হল।

এর আগে ২০১৯ –এ ফাইনালে দখিণ কোরিয়ার কাছে ভারত পরাজিত হয়। এই প্রতিযোগিতায় ভারত , এপর্যন্ত ৫ বার জয়ী হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০